

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৬৬

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ আل من رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ দানশীলতা প্রসঙ্গে।

باب ما جاء في السَّخَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْخَطَّابِ، زِيَادُ بْنُ يَحْيَى الْبَصْرِيُّ حَدَّثَنَا حَاتِمُ بْنُ وَرْدَانَ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنِ ابْنِ أَبِي مُلْيْكَةَ، عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ، قَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ لَيْسَ لِي مِنْ شَيْءِ إِلاَّ مَا أَدْخَلَ عَلَى الزُّبَيْرُ أَفَأُعْطِي قَالَ " نَعَمْ وَلاَ تُوكِي فَيُوكَى عَلَيْكِ " . يَقُولُ لاَ تُحْصِي إِلاَّ مَا أَدْخَلَ عَلَيْكِ " . يَقُولُ لاَ تُحْصِي فَيُحْصَى عَلَيْكِ . وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنُ صَحَدِيثٌ . وَرَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيثَ بِهَذَا الْإِسْنَادِ عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ عَبَّادِ بْنِ عَبْدِ اللّهِ بْنِ الزّبَيْرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ رضى الله عنهما وَرَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا عَنْ اللّهِ بْنِ الزّبَيْرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ رضى الله عنهما وَرَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا عَنْ أَيُّوبَ وَلَمْ يَذُكُرُوا فِيهِ عَنْ عَبَّادِ بْنِ عَبْدِ اللّهِ بْنِ الزّبَيْرِ .

বাংলা

১৯৬৬। আবূল খাত্তাব যিয়াদ ইবনু ইয়াহইয়া হাস্সানী বসরী (রহঃ) ... আসমা বিনত আবৃ বকর রাদিয়াল্লাহ্ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমার স্বামী যুবায়র আমার নিকট যা দেন তা ছাড়া আমার কিছু নেই। আমি কি তা দান করতে পারি? তিনি বললেন, হ্যাঁ, তুমি থলের ফিতা বেঁধে রাখবে না, কারণ তা করলে (আল্লাহর পক্ষ থেকেও রিযিকের থলে) তোমার জন্য বেঁধে রাখা হবে। সহীহ, সহীহ আবৃ দাউদ ১৪৯০, বুখারী, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৬০ [আল মাদানী প্রকাশনী]

জনৈক বর্ণনাকারী বলেন, অর্থাৎ তিনি বলেছেনঃ গুনে গুনে আল্লাহর পথে ব্যয় কর না তাহলে আল্লাহরও তোমাকে গুনে গুনে দিবেন।

এই বিষয়ে আয়িশা ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। উক্ত হাদীসটি হাসান-সহীহ। কতক রাবী এই হাদীসটিকে উক্ত সনদে ইবনু আবী মূলায়কা আব্বাদ ইবনু আবদিল্লাহ ইবনু যুবায়র, আসমা বিনত আবী বাকর রাদিয়াল্লাহু আনহা সূত্রে বর্ণনা করেছেন। একাধিক রাবী এটিকে আয়ূব রাদিয়াল্লাহু আনহু-এর বরাতে এটিকে রিওয়ায়াত করেছেন। কিন্তু তারা এতে আব্বাদ ইবনু আবদুল্লাহ ইবনু যুবায়র (রহঃ)-



এর উল্লেখ করেননি।

English

Asma bint Abi Bakr said:

" O the Messenger of Allah! I have nothing except what was given to me by (my husband) Az-Zubair, shall I give it (in charity)?" It was said: "Do not hold (your wealth) so that Allah will hold against you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আসমা বিনতু আবু বাকর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন